

India-Australia-Japan-United States Senior Officials Consultations

September 25, 2020

ভারত-অস্ট্রেলিয়া-জাপান-আমেরিকার বরিষ্ঠ আধিকারিকদের পরামর্শ

সেপ্টেম্বর 25, 2020

ভারতের বিদেশমন্ত্রকের, অস্ট্রেলিয়ার বিদেশ বিষয়ক এবং বাণিজ্য মন্ত্রকের, জাপানের বিদেশ বিষয়ক মন্ত্রকের এবং আমেরিকার রাষ্ট্র মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকরা সাধারণ স্বার্থে বিশ্বব্যাপী এবং আঞ্চলিক সমস্যাগুলির উপরে পরামর্শ করার জন্য 25 শে সেপ্টেম্বর 2020 তারিখে একটি ভিডিও সম্মেলনের আয়োজন করেছেন।

নভেম্বর 2019 এ শেষ এই ধরনের আধিকারিক আলোচনার পরে এবং সেপ্টেম্বর 2019 এ মন্ত্রীস্বরীয় সম্পর্ক স্থাপনের পরে ,ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে শান্তি, সুরক্ষা , স্থিতিশীলতা এবং সমৃদ্ধির উৎসাহ প্রদানের উদ্দেশ্যে, আতংকবাদ-বিরোধী, সাইবার এবং সামুদ্রিক সুরক্ষা সহ যোগাযোগ এবং পরিকাঠামোর বিকাশ ও সুরক্ষা সম্পর্কিত বিষয়ে চালু থাকা এবং প্রস্তাবিত বাস্তবিক সহযোগিতা নিয়ে তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন।

চলতি কোভিড-19 অতিমারির প্রসঙ্গে, কিভাবে অতিমারির মোকাবিলা করা যাবে তার জন্য জোগানের শৃঙ্খলার স্থিতিস্থাপকতার বৃদ্ধি এবং সর্বোত্তম অনুশীলনের বিনিময়ের গুরুত্বের উপরে আধিকারিকরা রেখাপাত করেছেন।

আধিকারিকরা, স্বাধীন, উন্মুক্ত , সমৃদ্ধিশালী এবং বন্ডিত নীতি এবং আদর্শ ভিত্তিক একীভূত ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চল ও আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধার প্রতি তাদের অঙ্গীকারকে পুনরায় সুনিশ্চিত করেছেন।

আধিকারিকরা আসিয়ান-কেন্দ্রিক এবং আসিয়ান-নেতৃত্ব কার্যপদ্ধতি বিশেষত নেতার নেতৃত্বে পূর্ব এশিয়া শীর্ষসম্মেলন, ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে আঞ্চলিক স্থাপত্যে এবং আসিয়ানের সাথে তাদের কাজ করার জন্য প্রস্তুতি এবং অন্য সকল দেশ , যারা ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে একটি সাধারণ এবং সম্ভবনাপূর্ণ দৃষ্টিভঙ্গির হৃদয়ঙ্গম করেন তাদের প্রতি তাদের সমর্থনের কথা তারা পুনরায় উল্লেখ করেছেন।

তারা আসিয়ানে ভিয়েতনামের সভাপতিত্বের প্রশংসা করেছেন এবং এই বছরের নভেম্বরে 15 তম পূর্ব এশিয়া শীর্ষসম্মেলনের দিকে তাকিয়ে রয়েছেন। আধিকারিকরা এই বছরের শেষ দিকে অনুষ্ঠিতব্য মন্ত্রিস্তরীয় পরামর্শের দিকে তাকিয়ে রয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর, 25, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.